অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইরি ক্যানালের পরবর্তী শতকের অপারেশনের জন্য বিনিয়োগ ও ভিশন দিয়ে এর দুইশত বছর পূর্তির নেভিগেশনের মৌসুম শুরুর ঘোষণা করলেন

ওয়াটারওয়ের প্রতি প্রতিশ্রুতি বিনোদন, পর্যটন, অর্থনৈতিক বিকাশ, বাণিজ্য এবং সংস্কৃতির জন্য একটি সমৃদ্ধ গন্তব্য নিশ্চিত করবে

অতি গুরুত্বপূর্ণ ক্যানাল ইনফ্রাস্ট্রাকচারের জন্য তহবিল নিশ্চিত করা হয়েছে

পুরো ক্যানাল করিডোরে Albany Symphony Orchestra-এর ক্যানালসাইড কনসার্ট এবং কয়েকশত কমিউনিটি ইভেন্ট আয়োজিত হবে

নিউ ইয়র্ক স্টেট সরকারের পার্টনার, WMHT-TV, Buffalo Maritime Center, এবং স্থানীয় ছোট ব্যবসার সাথে সহযোগিতায় ইরি ক্যানালের থিমে প্রোগ্রাম ও পণ্যের ব্যবস্থা করা হবে

ইরি ক্যানালের দুইশত বছর পূর্তি উদযাপনের অফিসিয়াল পোস্টার পাওয়া যাবে [এখানে](#)

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ইরি ক্যানালের (Erie Canal) দুইশত বছর পূর্তির নেভিগেশন মৌসুম শুরু হতে যাচ্ছে এবং ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর পাশ করা বাজেটে 50 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট (New York State) নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল সিস্টেমে বিনিয়োগ করা চালিয়ে যাবে। দুই বছরের মধ্যে দ্বিতীয়বারের মতো স্টেটের মাধ্যমে নিশ্চিত করা ক্যাপিটাল তহবিলটি ওয়াটারওয়ের কেন্দ্রীয় পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) করা বার্ষিক বিনিয়োগের সাথে যোগ হবে, এবং এটি সম্প্রতি প্রকাশিত [ক্যানাল রিক্রিয়েশনওয়ে 2050 প্ল্যানে (Canal Recreationway 2050 Plan)](#) ক্যানাল রিক্রিয়েশনওয়ে কমিশনের (Canal Recreationway Commission) পেশ করা ভিশনকে সমর্থন করবে।

"ইরি ক্যানালকে বাস্তব করার কৃতিত্ব হয়তো গভর্নর DeWitt Clinton-এর (ডেউইট ক্লিনটন), কিন্তু ক্যানাল সিস্টেম যাতে নিরাপদ, সক্রিয়, এবং পর্যটন ও অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি চালক হয়ে থাকে তা নিশ্চিত করতে নজিরবিহীন তহবিল দেওয়ার মাধ্যমে 200 বছর পরেও এটিকে সমৃদ্ধ রাখার কৃতিত্ব আমি নিতে চাই," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ক্যানাল সিস্টেমের অতি প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার, যার মধ্যে 19 শতকের তৈরি কিছু রয়েছে, সেগুলিকে সমর্থন করে আমরা নিশ্চিত করছি যাতে ওয়াটারওয়ে এবং ট্রেইলের এই নেটওয়ার্কটি এখানে বিনোদন ও ব্যবসার জন্য আসা মানুষকে, এবং ক্যানাল করিডোরের মধ্যে অবস্থিত 200টিরও বেশি আপস্টেট নিউ ইয়র্কের কমিউনিটিকে ভালোভাবে সমর্থন করতে পারে।"

FY 2026-এর পাশ করা বাজেটে নিশ্চিত করা 50 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে আছে 19 শতকের রিজার্ভয়ের বাঁধ, একটি অনেক ঝুঁকিপূর্ণ মাটির এম্ব্যাঙ্কমেন্ট বাঁধ যা পাশের একটি কমিউনিটির উপরে পানি ধরে রাখে, ক্যানাল সিস্টেমে পুরোনো স্টিলের গেট এবং অন্যান্য পানি নিয়ন্ত্রণের কাঠামো যা নিচের দিকে অবস্থিত জীবন ও সম্পত্তি রক্ষার জন্য নকশা করা হয়েছে তার পুনর্বাসনকে সমর্থন করার জন্য তহবিল। ক্যানালের মূল ইনফ্রাস্ট্রাকচারে এই বিনিয়োগ নিশ্চিত করবে যাতে ওয়াটারওয়ে মজবুত থাকে, এর আশেপাশের কমিউনিটির নানা ধরণের চাহিদাকে সমর্থন করে, এবং তৃতীয় শতকের অপারেশন শুরু করার সময়ও অর্থনৈতিক বিকাশের একটি চালক হয়ে থাকতে পারে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির ট্রাস্টি বোর্ডের (Board of Trustees) চেয়ারম্যান John Koelmel (জন কোয়েলমেল) বলেন, "আমরা ক্যানাল সিস্টেমে ঐতিহাসিক বিনিয়োগ করছি নিশ্চিত করার জন্য যাতে এর ইনফ্রাস্ট্রাকচার মজবুত থাকে; এর প্রোগ্রাম নতুন ধরণের এবং আকর্ষণীয় হয়; এবং যাতে আমাদের সকলের চেষ্টায় এই ওয়াটারওয়েটি আগামী দুই শতক ধরে কার্যকর থাকতে পারে। আমরা এমন একটি ক্যানাল সিস্টেম তৈরি করতে কাজ করছি যা নিউ ইয়র্কবাসী এবং তার বাইরের মানুষের জন্য একটি প্রাণবন্ত, সাস্টেনেবল রিসোর্স হবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "ইরি ক্যানালকে একটি সাস্টেনেবল ইনফ্রাস্ট্রাকচারের আদর্শ করে তুলতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ যা এর সমৃদ্ধ ইতিহাসকে সম্মান করবে এবং আগামী দুই শতকের ব্যবহারের জন্য একটি সমৃদ্ধ, মজবুত, এবং ইনক্লুসিভ ভবিষ্যতে এর স্থান নিশ্চিত করবে।

2025 সাল হবে ক্যানাল সিস্টেমে নেভিগেশনের ধারাবাহিক 201তম বছর এবং 26 অক্টোবর, 1825 তারিখে মূল ইরি ক্যানাল খুলে দেওয়ার দুইশত বছর পূর্তি। ইরি ক্যানাল বাইসেন্টিনিয়াল কমিশনের (Erie Canal Bicentennial Commission) সমর্থনে এই বছর অ্যালবানি (Albany) থেকে বাফেলো (Buffalo) পর্যন্ত ক্যানাল করিডোরটি কনসার্ট থেকে শুরু করে ফেস্টিভ্যাল এবং থিয়েটার পারফর্ম্যান্স এবং আরো অনেক ইভেন্ট দিয়ে ব্যস্ত হয়ে থাকবে। কমিউনিটি এবং অর্গানাইজেশনগুলি এই মাইলফলক উদযাপন করার জন্য একসাথে কাজ করছে, যা যা হতে যাচ্ছে সব সম্পর্কে তথ্য পাওয়া যাবে ইরি ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোরের (Erie Canalway National Heritage Corridor) তৈরি করা ইন্টারেক্টিভ ক্যালেন্ডারে। ক্যালেন্ডারের লিংক পাওয়া যাবে এখানে।

ইরি ক্যানাল বাইসেন্টিনিয়াল কমিশনের কো-চেয়ার এবং ফার্স্ট জেন্টলমেন William J. Hochul Jr. (উইলিয়াম জে হোকল জুনিয়র) বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল সিস্টেমে ভ্রমণ করে বহু ঘন্টা সময় ব্যয় করেছি এবং প্রতিটি মিনিটকে উপভোগ করেছি। ক্যানালের এই দুর্দান্ত ইতিহাসকে উদযাপন করতে উদযাপনমূলক কর্মকাণ্ডে কাজ করতে এবং একই সাথে ভবিষ্যতের পথ প্রস্তুত করতে কাজ করতে পারা অনেক সম্মানের একটি ব্যাপার। আমরা 2025 সালের নেভিগেশন মৌসুম শুরু করতে যাচ্ছি, আমাদের বহু মাস ধরে করা সকল চেষ্টাকে ক্যানালের অ্যাক্সেস শেয়ার করা বহু শহর ও টাউনে জীবিত হয়ে উঠতে দেখতে আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল করপোরেশনের ডিরেক্টর এবং ইরি ক্যানাল বাইসেন্টিনিয়াল কমিশনের কো-চেয়ার Brian U. Stratton (ব্রায়ান ইউ স্ট্র্যাটন) বলেন, "আমরা এই দুইশত বছর পূর্তির সময়কালের শুরু অর্থাৎ 2017 সাল থেকে পুরোদমে কাজ করছি, যাতে এই উপলক্ষটিকে যথাযথভাবে সম্মান জানাতে পারি। আমাদের চেষ্টার মধ্যে আছে ইভেন্টের সমর্থন থেকে শুরু করে আগামী 25 বছরে ক্যানালের অপারেশনের জন্য একটি শক্তিশালী নীলনকশা তৈরি করা এবং আমাদের ইনফ্রাস্ট্রাকচার যাতে ভালো, নিরাপদ, কার্যকর অবস্থায় থাকে তা নিশ্চিত করতে ব্যাপক চেষ্টা করা। চূড়ান্ত লক্ষ্য হলো সম্পূর্ণ নেভিগেশনের জন্য সমৃদ্ধ ইরি ক্যানালকে খোলা রাখা, এর পাশের সকল কমিউনিটির জন্য এবং এখানে বিনোদনের জন্য আসা সকল মানুষের জন্য।"

এই জুলাই মাসে, দুইবার GRAMMY পুরস্কার বিজয়ী Albany Symphony নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের সাথে পার্টনারশিপ করে ক্যানাল সিস্টেমের পাশে একটি বিনামূল্যের পাঁচটি অংশের কনসার্ট সিরিজে পারফর্ম করবে। "ওয়াটার মিউজিক NY (Water Music NY)" নামের এই মিউজিক্যাল অভিজ্ঞতাটি আয়োজিত হবে মেডিনা (Medina), সেনেকা ফলস (Seneca Falls), ইউটিকা (Utica), ফোর্ট প্লেইন (Fort Plain), এবং স্কুইলারভিলে (Schuylerville) এবং প্রতিটি কনসার্ট বিশেষভাবে ক্যানালসাইডের কমিউনিটিগুলির জন্য কম্পোজ করা হবে।" মিউজিক সিরিজটির থিমগুলি হবে ইরি ক্যানালের প্রকৃতি, পরিবেশ এবং কনটেম্পোরারি কমিউনিটি; ইরি ক্যানালের একটি অন্যতম কমিউনিটি ইউটিকাতে বাস করা সারা বিশ্বের মানুষের খাবার ও গল্প; ওয়াটারওয়ের নারীদের বহুস্তরের গল্পকে সম্মান জানানো মিউজিক; আদিবাসীদের ঐতিহ্য; এবং আন্ডারগ্রাউন্ড রেলরোডে (Underground Railroad) স্বাধীনতার জন্য লড়াই করা ক্রীতদাস করে রাখা মানুষের অভিজ্ঞতা। এই বছরের কনসার্টগুলি তৈরি হবে গত বছরের "ওয়াটার মিউজিক NY: মোর ভয়েসেস (Water Music NY: More Voices)" প্রোগ্রামের উপর ভিত্তি করে যেখানে নারী, অভিবাসী, অশ্বেতাঙ্গ মানুষ এবং আদিবাসী মানুষসহ সুবিধাবঞ্চিত মানুষের কথার উপর মনোযোগ দেওয়া হয়।

Albany Symphony Music-এর ডিরেক্টর David Alan Miller (ডেভিড অ্যালান মিলার) বলেন, "ইরি ক্যানাল এর তৃতীয় শতকের অপারেশন শুরু করতে যাচ্ছে, এই সময় নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনে আমাদের দারুণ পার্টনারদের সাথে বিশাল এই নতুন অ্যাডভেঞ্চার শুরু করতে পেরে আমরা অনেক আনন্দিত। ইরি ক্যানালের অতি গুরুত্বপূর্ণ দুইশত বছর পূর্তির মৌসুমকে সামনে রেখে আমরা পাঁচজন গুণী কম্পোজারকে নিয়ে কাজ করেছি যারা নিজেদেরকে ক্যানালসাইডের পাঁচটি অতি সুন্দর কমিউনিটিতে নিমজ্জিত করেছেন এবং আমাদের অর্কেস্ট্রা এবং কমিউনিটির কোলাবোরেটরদের জন্য ভিশনারি নতুন কাজ তৈরি করেছেন যা আমাদের মহান স্টেটের প্রাণবন্ত ইতিহাস ও সংস্কৃতিকে তুলে ধরে। হাজার হাজার বাসিন্দা ও ভিজিটরদের সাথে নিয়ে আমরা সারাদিনের বিনামূল্যের ফেস্টিভ্যালে উদযাপন করতে অধীর আগ্রহে অপেক্ষা করছি যেখানে সুস্বাদু খাবার, মজার আউটডোর অ্যাক্টিভিটি, ঐতিহাসিক বিষয়ে জানা, এবং পরিবারবান্ধব আর্ট থাকবে, যা শেষ হবে এই অতি দারুণ নতুন কাজসহ দুর্দান্ত অর্কেস্ট্রার কনসার্ট দিয়ে। আমরা আশা করছি যে আমাদের মিউজিক আলোচনা শুরু করবে, দৃষ্টিভঙ্গি বড় করবে, এবং আমাদের স্টেটের মধ্যে দিয়ে বয়ে চলা, নিউ ইয়র্ক স্টেটের অতীত, বর্তমান এবং ভবিষ্যতের অনেক বড় একটি অংশ এই সুন্দর ক্যানাল সিস্টেমের অভিজ্ঞতা নিতে ও একে যত্নে রাখতে সকলকে উৎসাহিত করবে।"

দুইশত বছর পূর্তির অংশ হিসেবে সেপ্টেম্বর মাসে বাফেলোতে 2025 ওয়ার্ল্ড ক্যানালস কনফারেন্স (2025 World Canals Conference) অনুষ্ঠিত হবে। বিশ্বের নানা স্থানে আয়োজিত হওয়া বার্ষিক এই ইভেন্টটি কয়েকশত ক্যানাল এবং ইনল্যান্ড ওয়াটারওয়ে সম্পর্কে উৎসাহী ব্যক্তি, পেশাদার এবং স্কলারদের নিয়ে আন্তর্জাতিক একটি অডিয়েন্স একত্রিত করে যাতে তারা ক্যানাল সম্পর্কে অনেক ধরণের বিষয়ে শিখতে পারে। ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation) এবং ভিজিট বাফেলো নায়াগ্রার (Visit Buffalo Niagara) সাথে পার্টনারশিপে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি, নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন, এবং ইরি ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোর হলো এই বছরের স্পন্সর এবং তারা কনফারেন্সের সকল দিকের সমন্বয় করছে।

ওয়ার্ল্ড ক্যানালস কনফারেন্স শেষ হওয়ার পর, 1825 সালে বাফেলো থেকে নিউ ইয়র্ক হার্বারের উদ্দেশ্যে যে মূল ইরি ক্যানালের নৌকা নিয়ে নিউ ইয়র্ক স্টেটের গভর্নর DeWitt Clinton (ডেউইট ক্লিন্টন) যাত্রা করেছিলেন সেটির রেপ্লিকা *Seneca Chief* সেই উদ্বোধনী যাত্রা আবার করতে এর যাত্রা সুর করবে। ইরি ক্যানাল সম্পূর্ণ হওয়ার আনুষ্ঠানিক বর্ষপূর্তি, 26 অক্টোবর, *Seneca Chief* নিউ ইয়র্ক হার্বারে এসে পৌঁছাবে বলে সময় নির্ধারিত হয়েছে। Buffalo Maritime Center-এর তৈরি এবং গঠিত প্রজেক্টটিকে বিশ্বের সবথেকে বড় কমিউনিটিভিত্তিক নৌকা বানানোর উদ্যোগগুলির একটি হিসেবে বিবেচনা করা হচ্ছে। *Seneca Chief* ইরি ক্যানাল এবং হাডসন রিভারের (Hudson River) পাশের কমিউনিটিগুলিতে থামবে, এবং প্রত্যেক স্থানে উদযাপনমূলক ইভেন্টের আয়োজন করা হবে।

এই দুইশত বছর পূর্তিতে যাতে ইরি ক্যানালের ইতিহাস এবং টেকসই লিগেসি সম্পর্কে আরো সম্পূর্ণ একটি বক্তব্য দেওয়া যায় তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি, নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন, এবং WMHT Public Media পার্টনারশিপ করে একটি মাল্টি-প্ল্যাটফর্ম, মাল্টি-মিডিয়া উদ্যোগ তৈরি করেছে যার নাম "রিফ্লেকশন্স অন ডি ইরি ক্যানাল (Reflections on the Erie Canal)", যা 10 অংশের সাপ্তাহিক ডকুমেন্টারি সিরিজ সম্প্রচার করা এই বসন্তকালে শুরু করেছে। একটি এক ঘন্টার মৌলিক ডকুমেন্টারি দিয়ে এই সিরিজটি শেষ হবে যার প্রিমিয়ার সেপ্টেম্বর মাসে বাফেলোর ওয়ার্ল্ড ক্যানালস কনফারেন্সে হবে। ডকুমেন্টারি সিরিজের পাশাপাশি পুরো নিউ ইয়র্কের ক্লাসরুমের জন্য নতুন কন্টেন্ট তৈরি করা হয়েছে।

সবশেষে, ইরি ক্যানালের দুইশত বছর পূর্তির সম্মানে নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন আর্টিস্ট Dr. Tyler Nordgren-কে (ডাঃ টাইলার নর্ডগ্রেন) একটি পোস্টার তৈরি করার কমিশন দিয়েছে যা এই দুর্দান্ত ওয়াটারওয়ের 200 বছর এবং ভবিষ্যতকে তুলে ধরবে। ছবি পাওয়া যাবে এখানে। সম্পূর্ণ আকারের পোস্টারটির কপি কীভাবে পেতে হবে সেই সম্পর্কে তথ্য আগামী সপ্তাহগুলিতে জনগণকে জানানো হবে।

উপরে জানানো চেষ্টাগুলি ছাড়াও নিউ ইয়র্ক স্টেটের অনেক এজেন্সি ও ব্যবসা ইরি ক্যানালের দুইশত বছর পূর্তি উপলক্ষে পণ্য নিয়ে এসেছে, যেমন:

- **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles)** - ইরি ক্যানাল বাইসেন্টিনিয়াল লাইসেন্স প্লেট (Erie Canal Bicentennial License Plate)
- **নিউ ইয়র্ক স্টেট অফিস অফ জেনারেল সার্ভিসেস (Office of General Services) -** অ্যালবানির Empire State Plaza-তে একটি ইরি ক্যানাল থিমের ছবির প্রদর্শনী
- **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets)** - 2025 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে (2025 Great New York State Fair) ইরি ক্যানালের থিমের ডিসপ্লে
- **নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ দ্য লটারি (Division of the Lottery) -** বিশেষ কিছুর পরিকল্পনা রয়েছে যা এই গ্রীষ্মকালে ঘোষণা করা হবে
- **সারাটোগা স্প্রিংসের (Saratoga Springs) Stewart's Shops** - ক্যাপিটাল রিজিয়ন (Capital Region), মোহক ভ্যালি (Mohawk Valley), এবং সিরাকিউজ (Syracuse) এলাকায় অংশগ্রহণকারী স্থানগুলিতে "মিন্টেড ইন 1825 (Minted in 1825)" আইসক্রিম পাওয়া যাবে
- **বাফেলোর Big Ditch Brewing Company -** ওয়েস্টার্ন নিউ ইয়র্কে (Western NY) যেখানে Big Ditch বিক্রি করা হয় এমন বাছাই করা স্থানে শীঘ্রই একটি ইরি ক্যানাল থিমের বিয়ার পাওয়া যাবে

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "ইরি ক্যানাল এর পুরো ইতিহাসজুড়ে ক্যানালভিত্তিক শহর তৈরি ও বিকাশ করেছে, এবং আমাদের স্টেট ও দেশের জন্য অগণিত অর্থনৈতিক সম্ভাবনা তৈরি করেছে। আমরা ইরি ক্যানালে 201তম ধারাবাহিক বছরের মতো নেভিগেশন মৌসুম শুরু করতে যাচ্ছি এবং এই বসন্তকালে দুইশত বছর পূর্তির উদযাপনের জন্য প্রস্তুত হচ্ছি, আমাদের ক্যানাল কমিউনিটিগুলি কীভাবে তাদের অনন্য ঐতিহ্য এবং ইতিহাসকে ভবিষ্যতের বিকাশ ও নতুন গঠনের জন্য ব্যবহার করতে থাকে তা দেখতে আমি আগ্রহী।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "খোলার দুইশত বছর পরেও ইরি ক্যানাল পর্যটন ও অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি চালক হয়ে আছে।

এই গ্রীষ্মকালে আমরা দুইশত বছর পূর্তি উদযাপন করবো, এই সময় ক্যানাল সম্পর্কে জানার জন্য ভিজিটরদের অনেক সুযোগ থাকবে, যেমন বাফেলোর ক্যানালসাইডে আকর্ষণীয় 'ওয়াটারওয়ে অফ চেঞ্জ (Waterway of Change)' প্রদর্শনীর অভিজ্ঞতা নেওয়া, নিউ ইয়র্ক স্টেটজুড়ে *Seneca Chief*-এর যাত্রা অনুসরণ করা বা কমিউনিটি কনসার্টে ঐতিহাসিকভাবে অনুপ্রাণিত মিউজিক শোনা। গভর্নর Hochul (হোকল) এবং ইরি ক্যানালের ইন্ফ্রাস্ট্রাকচারে বিনিয়োগের কারণে এই আইকনিক ওয়াটারওয়েটি আগামী 200 বছর ধরে উদযাপিত হবে।"

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন, অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের (Office of Parks, Recreation, and Historic Preservation) কমিশনার প্রো টেম্প Randy Simons (র‍্যান্ডি সিমন্স) বলেন, "আমরা ইরি ক্যানালের দুইশত বছর পূর্তি উদযাপন করছি, এবং আমরা নিউ ইয়র্ক স্টেট এবং দেশকে বদলে দেওয়া একটি লিগেসিকে সম্মান জানাচ্ছি। ক্যানাল সম্পর্কে জানা হবে আমেরিকার প্রথম দিকের ইতিহাস ও আবিষ্কারের মধ্যে দিয়ে একটি অনন্য যাত্রা কারণ ক্যানাল এখনও সুন্দর ট্রেইল, প্রাণবন্ত ওয়াটারওয়ে, এবং ঐতিহাসিক টাউনের মাধ্যমে মানুষকে সংযুক্ত করে যাচ্ছে। 200তম বছর পূর্তি আমাদের ঐতিহ্যের টেকসই মূল্যের কথা মনে করিয়ে দিবে এবং একই সাথে ভবিষ্যতের জেনারেশনগুলির জন্য ক্যানালের বিনোদনমূলক, সাংস্কৃতিক, এবং ঐতিহাসিক গন্তব্যকে গ্রহণ করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসবিদ Devin Lander (ডেভিন ল্যান্ডার) বলেন, "ইরি ক্যানাল গঠন করা ছিলো একটি জটিল এবং যুগান্তকারী কাজ। এর জন্য হাজার হাজার শ্রমিক ও কয়েক ডজন প্রকৌশলী কাজ করেছেন এবং এর ফলে এমন একটি সরকারি কাজের প্রজেক্ট সম্ভব হয়েছে যেমনটি সেই সময়ে সারা দেশে কেউ দেখেনি। এটি নিউ ইয়র্ক স্টেটকে পশ্চিমের জন্য খুলে দিয়েছে এবং পশ্চিমকে আমেরিকার জন্য খুলে দিয়েছে। সবকিছু দেখে শুনে এটি বলাই যায় যে ক্যানালের নৌকাতেই এম্পায়ার স্টেটের জন্ম হয়েছিলো।"

ইরি ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোরের এক্সিকিউটিভ ডিরেক্টর Bob Radliff (বব রেডলিফ) বলেন, "ইরি ক্যানাল নিউ ইয়র্ক স্টেটকে বদলে দিয়েছিলো এবং দেশের উপর এর বড় একটি প্রভাব ছিলো। আমরা আশা করছি যে নিউ ইয়র্কের অসাধারণ ক্যানাল হেরিটেজ ঘুরে দেখার জন্য এবং এখন ওয়াটারওয়েতে যা কিছু আছে সব উপভোগ করার জন্য বর্ষপূর্তির এই শুভ সময়টি সকলের প্রতি একটি আমন্ত্রণ হিসেবে কাজ করবে।"

স্টেটের সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "ইরি ক্যানালের 200 বছর হয়ে গেল! এই দুইশত বছর পূর্তির উদযাপনটি হলো ক্যানালের ইতিহাস, আমাদের কমিউনিটি গঠনে এর ভূমিকা, এবং প্রতিদিন পর্যটন ও নেভিগেশনের উপর এর যে প্রভাব আছে তা নিয়ে চিন্তা করার একটি সুযোগ। ক্যানেলের কমিউনিটিগুলিতে ক্যানালের ইতিহাস ও বিনোদনের প্রচার করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Bill Magnarelli (বিল ম্যাগনারেলি) বলেন, "ইরি ক্যানাল হলো সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের একটি আইকনিক ঐতিহাসিক অংশ। ইরি ক্যানালের জন্য গভর্নরের বিনিয়োগ এটিকে আমাদের স্টেটের পর্যটন, অর্থনৈতিক বিকাশ এবং ভবিষ্যতের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে থাকতে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল সিস্টেম 3 নভেম্বর, 2025, সোমবার পর্যন্ত এই নেভিগেশন মৌসুমে প্রতিদিন সক্রিয় থাকবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন